# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়**

ঢাকা

www.bb.org.bd

বৈশাখ ২৪, ১৪২৫ বাং

এফই সার্কুলার পত্র নং- ০৮ তারিখ ঃ -------------

-------

মে ০৭, ২০১৮ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**অনলাইনে ভ্যাট নিবন্ধন নম্বর বা ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রসংঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ২৭/০৩/২০১৮ তারিখের গণবিজ্ঞপ্তিটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু পুনর্মূদ্রণ করা হলো।

২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন (৮ম তলা)
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
[ফ্যাক্স-০২-৯৩৪৮৫১৪, পিবিএক্স ০২-৯৩৪৮৪৪৮,০২-৮৩২১৩০৮]

VAT Online Project

নথি ঃ ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(১০১)/২০১৫/৩৬২  তারিখঃ ২৮/০৩/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় ৯ বা ১১ ডিজিটের ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় ৯/১১ ডিজিটের ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা ব্যবহার সংক্রান্ত একটি গণ বিজ্ঞপ্তি এ সঙ্গে সংযুক্ত করা হয়েছে। গণ বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশনার আলোকে ৯/১১ ডিজিটের ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা ব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ১। ২৭/০৩/২০১৮ তারিখের গণবিজ্ঞপ্তি-০১ (এক) পাতা
২। ২৮/১২/২০১৭ তারিখের সংশোধিত গণবিজ্ঞপ্তি-০৩ (তিন) পাতা।
৩। ২৬/০৭/২০১৭ তারিখের গণবিজ্ঞপ্তি-০২ (দুই) পাতা।

সৈয়দ মুসফিকুর রহমান
উপ প্রকল্প পরিচালক-১
ভ্যাট অনলাইন প্রকল্প
প্রকল্প পরিচালকের পক্ষে

৩/৫

প্রাপক ঃ
১-১২। কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/সিলেট/ রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/কুমিল্লা/বৃহৎ করদাতা ইউনিট (মূসক) ঢাকা।
১৩। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

নথি ঃ ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(১০১)/২০১৫/৩৬২  তারিখঃ ২৮/০৩/২০১৮ খ্রিঃ

<u>অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।</u>

০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২। পিএ টু সদস্য, (মূসক নীতি) জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অফিস কপি/গার্ড কপি।

28/03/2018
ওমর মবিন
সহকারী কমিশনার
ভ্যাট অনলাইন প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

সেগুনবাগিচা, ঢাকা

www.nbr.gov.bd

# গণ বিজ্ঞপ্তি

তারিখ ঃ ১১ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০১৭ খ্রিঃ

**বিষয় ঃ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় ৯ বা ১১ ডিজিটের ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।**

রাজস্ব আহরণে সুশাসন প্রতিষ্ঠা ও শৃঙ্খলা আনয়ন তথা রাজস্ব আহরণের ধারাবাহিকতা অব্যাহত রাখার স্বার্থে ভ্যাট ব্যবস্থায় নিবন্ধন কার্যক্রমের ডিজিটাইজেশন অপরিহার্য। সে লক্ষ্যকে সামনে রেখে অনলাইন ভিত্তিক ভ্যাট ব্যবস্থায় নিবন্ধন কার্যক্রমের শুভ সূচনা গত ২৩ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ হতে করা হয়েছিল। বিদ্যমান সনাতনী ভ্যাট ব্যবস্থায় প্রায় সাড়ে ৮ লক্ষ Business Identification Number (BIN) নম্বর গ্রহণকারী ব্যবসায়িক সত্তা থাকলেও প্রতি মাসে মাত্র ৩৭ হাজার করদাতা নিয়মিত দাখিলপত্র প্রদান করেন। ফলে অনেক অস্তিত্বহীন নিবন্ধিত করদাতা যেমন রয়েছেন, তেমনি ব্যবসায়িক কার্যক্রম চলমান থাকা সত্ত্বেও অনেক করদাতা নিয়মিত দাখিলপত্র প্রদান করেন না বা করজালের বাইরে অবস্থান করছেন। সার্বিকভাবে এ পরিস্থিতি থেকে উত্তরণ এবং নিবন্ধন গ্রহণের প্রক্রিয়াকে স্বচ্ছ, দ্রুততর ও হয়রানীমুক্ত করার লক্ষ্যে মুলত অনলাইন নিবন্ধন ব্যবস্থা চালু করা হয়েছে। এছাড়া, নতুন নিবন্ধন গ্রহণকারী ব্যবসায়ীগণ অনলাইনে ৯ ডিজিটের নিবন্ধন গ্রহণের প্রক্রিয়াকে অত্যন্ত ব্যবসা-বান্ধব উল্লেখপূর্বক এই কার্যক্রমকে চলমান রাখতে জাতীয় রাজস্ব বোর্ডকে বিশেষভাবে অনুরোধ করেছেন।

০২। বিদ্যমান মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৫ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৯ এ করদাতাগণের নিবন্ধন গ্রহণের আইনি বিধি-বিধান বিধৃত রয়েছে। বিশেষভাবে, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৯ এ উল্লেখ রয়েছে যে, ''বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে অনলাইনে নিবন্ধনের আবেদন পেশ করা যাইবে''। সুতরাং, ইতোমধ্যে যারা অনলাইনে ৯ ডিজিটের নিবন্ধন (e-BIN) গ্রহণ করেছেন তাদের উক্ত নিবন্ধনগুলো কার্যকর রাখা এবং অনলাইন নিবন্ধন ব্যবস্থা চলমান রাখার ক্ষেত্রে নিম্নে-বর্ণিত পদ্ধাত অনুসরণযোগ্য ঃ

ক) কেন্দ্রীয় নিবন্ধন:

(অ) যে সকল প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় কেন্দ্রীয় নিবন্ধন (১১ ডিজিটের বিআইএন) গ্রহণ করে ব্যবসায় পরিচালনা করছেন তারা অনলাইনেও কেন্দ্রীয়ভাবেই নিবন্ধিত হবেন এবং ৯ ডিজিটের বিআইএন গ্রহণ করে উক্ত আইনের অধীন প্রচলিত নিয়মেই কর পরিশোধসহ সকল কার্যক্রম পরিচালনা করবেন।

উদাহরণ: ধরা যাক মেসার্স এবিসি লিমিটেড দেশব্যাপী বিভিন্ন কমিশনারেটের অধীন ৫০টি ইউনিটের মাধ্যমে ব্যবসায় করেন। তারা উক্ত আইনের ধারা ১৫(২)-এর দ্বিতীয় শর্তাংশ অনুসারে কেন্দ্রীয়ভাবে নিবন্ধন গ্রহণ করে ব্যবসায় করেন। নতুন অবস্থায়ও তাঁরা কেন্দ্রীয়ভাবেই নিবন্ধিত হবেন এবং একটি বিআইএন এর মাধ্যমেই দেশব্যাপী কার্যক্রম পরিচালনা করবেন।

(আ) যে সকল প্রতিষ্ঠান দুই বা ততোধিক স্থান হতে করযোগ্য পণ্যের উৎপাদন বা সেবা প্রদান বা ব্যবসায় পরিচালনা করছেন এবং আইনের আওতায় প্রতিটি স্থানের সংশ্লিষ্ট ইউনিটের জন্য আলাদা নিবন্ধন গ্রহণ করে সংশিষ্ট বিভাগীয় দপ্তর ও সার্কেল অফিসে কার্যক্রম পরিচালনা করছেন তারা প্রতিটি ইউনিটের জন্য অনলাইনে ৯ ডিজিটের পৃথক পৃথক নিবন্ধন গ্রহণ করবেন। এসব ইউনিটের একটি টিআইএন থাকলেও প্রতিটি ইউনিটের জন্য ৯ ডিজিটের আলাদাভাবে একটি করে

নিবন্ধন গ্রহণ করতে হবে। প্রতিটি ইউনিট সেই নিবন্ধন নম্বর ব্যবহার করে বর্তমানে যে সার্কেলে দাখিলপত্র পেশ করেন সেই সার্কেলে যথারীতি দাখিলপত্র পেশ করবেন এবং আমদানি-রপ্তানিসহ অন্যান্য কার্যক্রমও ইউনিটের বিআইএন দিয়ে উক্ত আইনের অধীন পরিচালিত হবে।

উদাহরণ: ধরা যাক মেসার্স এবিসি লিমিটেড তার ৫০টি ইউনিটের জন্য ৫০টি বিআইএন (১১ ডিজিটের) গ্রহণ করে উক্ত আইনের অধীন ব্যবসায় পরিচালনা করছেন। তারা প্রতিটি ইউনিটের জন্য অনলাইনে একটি করে বিআইএন (৯ ডিজিট) গ্রহণ করবেন। প্রতিটি ইউনিট যে সার্কেল ও বিভাগীয় দপ্তরের অধীক্ষেত্রে বর্তমানে কাজ করছেন নতুন নিবন্ধন (৯ ডিজিটের ই-বিআইএন) দিয়েও সেই সার্কেল ও বিভাগীয় দপ্তরেই কার্যক্রম পরিচালনা করবেন।

(ই) যে সকল প্রতিষ্ঠান একাধিক ইউনিটের জন্য আলাদা নিবন্ধন (১১ ডিজিট) গ্রহণ করে ব্যবসায় পরিচালনা করে আসছিলেন এবং ১৫ মার্চ, ২০১৭ তারিখের পর কেন্দ্রীয়ভাবে সদর দপ্তরের ঠিকানায় একটি নিবন্ধন (৯ ডিজিটের) গ্রহণ করেছেন তাদেরকে নতুন করে প্রতিটি ইউনিটের জন্য আলাদা ভাবে উপ-অনুচ্ছেদ (আ) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে পুনঃনিবন্ধন (৯ ডিজিটের) গ্রহণ করে বর্ণিত পদ্ধতিতে কার্যক্রম পরিচালনা করতে হবে। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ বিদ্যমান থাকা পর্যন্ত ৯ ডিজিটের কেন্দ্রীয় নিবন্ধনটি অকার্যকর থাকবে। তা দিয়ে কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না এবং কোনো দাখিলপত্রও পেশ করতে হবে না।

(ঈ) যে সকল প্রতিষ্ঠান বিভিন্ন ইউনিটের আলাদা নিবন্ধন (১১ ডিজিট) নিয়ে কার্যক্রম পরিচালনা করছেন কিন্তু বর্তমানে তারা আইনের ধারা ১৫(২) এর দ্বিতীয় শর্তাংশ অনুযায়ী কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হতে চান তারা উক্ত আইনের অধীন বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে ৯ ডিজিটের কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করবেন।

খ) ইউনিট নিবন্ধন:

অনলাইন নিবন্ধনের আলোকে ৯ ডিজিটের ইউনিট রেজিস্ট্রেশনগুলো তাদের ভৌগলিক অবস্থান অনুযায়ী স্ব স্ব কমিশনারেটে যথারীতি দাখিলপত্র প্রদান করবে।

গ) যে সকল করদাতা এখনো অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেননি তারা আগামী ৩১ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে ৯ ডিজিটের নিবন্ধন গ্রহণ করবেন। সুতরাং উক্ত সময় পর্যন্ত অর্থাৎ ৩১ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১১ ডিজিটের নিবন্ধনের কার্যকারিতা যথারীতি বহাল থাকবে। তবে যে সকল প্রতিষ্ঠান ৯ ডিজিটের বিআইএন গ্রহণ করেছেন তারা ৯ ডিজিটের বিআইএন-ই ব্যবহার করবেন।

ঘ) জাতীয় রাজস্ব বোর্ড শীঘ্রই মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর সাথে সঙ্গতি রেখে মূসক-৬, ৮, ৯ ও ১০ ইত্যাদিসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য বিষয়াদি সংশোধনপূর্বক অনলাইন ব্যবস্থাকে পুনঃসংস্কার করবে।

০৩। অনলাইনে ৯ ডিজিটের ভ্যাট নিবন্ধন গ্রহণ কোনভাবেই শুধু নতুন ভ্যাট আইন (মূল্য সংযোজন কর আইন ও সম্পূরক শুল্ক আইন, ২০১২) এর সাথে সম্পর্কযুক্ত নয়। এটি বিদ্যমান ১৯৯১ আইন আওতায় করদাতাগণকে উন্নত সেবা প্রদানের গতিকে ত্বরান্বিত করাসহ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা নির্ধারণ, রির্টান সংখ্যা বৃদ্ধির সংগে সম্পৃক্ত যা হয়রানিমুক্ত এবং করদাতা-বান্ধব প্রশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

**জাতীয় রাজস্ব বোর্ড**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

তারিখ ঃ ১৪ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ

# সংশোধিত গণ বিজ্ঞপ্তি

**বিষয় ঃ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় ৯ বা ১১ ডিজিটের ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।**

রাজস্ব আহরণে সুশাসন প্রতিষ্ঠা ও শৃঙ্খলা আনয়ন তথা রাজস্ব আহরণের ধারাবাহিকতা অব্যাহত রাখার স্বার্থে ভ্যাট ব্যবস্থায় নিবন্ধন কার্যক্রমের ডিজিটাইজেশন অপরিহার্য। সে লক্ষ্যকে সামনে রেখে অনলাইন ভিত্তিক ভ্যাট ব্যবস্থায় নিবন্ধন কার্যক্রমের শুভ সূচনা গত ২৩ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ হতে করা হয়েছিল। বিদ্যমান সনাতনী ভ্যাট ব্যবস্থায় প্রায় সাড়ে ৮ লক্ষ Business Identification Number (BIN) নম্বর গ্রহণকারী ব্যবসায়িক সত্তা থাকলেও প্রতি মাসে মাত্র ৩৭ হাজার করদাতা নিয়মিত দাখিলপত্র প্রদান করেন। ফলে অনেক অস্তিত্বহীন নিবন্ধিত করদাতা যেমন রয়েছেন, তেমনি ব্যবসায়িক কার্যক্রম চলমান থাকা সত্বেও অনেক করদাতা নিয়মিত দাখিলপত্র প্রদান করেন না বা করজালের বাইরে অবস্থান করছেন। সার্বিকভাবে এ পরিস্থিতি থেকে উত্তরণ এবং নিবন্ধন গ্রহণের প্রক্রিয়াকে স্বচ্ছ, দ্রুততর ও হয়রানীমুক্ত করার লক্ষ্যে মূলত অনলাইন নিবন্ধন ব্যবস্থা চালু করা হয়েছে। এছাড়া, নতুন নিবন্ধন গ্রহণকারী ব্যবসায়ীগণ অনলাইনে ৯ ডিজিটের নিবন্ধন গ্রহণের প্রক্রিয়াকে অত্যন্ত ব্যবসা-বান্ধব উল্লেখপূর্বক এই কার্যক্রমকে চলমান রাখতে জাতীয় রাজস্ব বোর্ডকে বিশেষভাবে অনুরোধ করেছেন। তবে, বাস্তবতার নিরিখেএবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রয়োজনীয় সংশোধনী সম্পন্নকরণের সুবিধার্থে বিগত ২৭-০৭-২০১৭ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তিটি নিম্নে বর্ণিতভাবে সংশোধন করা হলো ঃ

০২। বিদ্যমান মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৫ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৯ এ করদাতাগণের নিবন্ধন গ্রহণের আইনি বিধি-বিধান বিধৃত রয়েছে। বিশেষভাবে, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৯ এ উল্লেখ রয়েছে যে, ''বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে অনলাইনে নিবন্ধনের আবেদন পেশ করা যাইবে''। সুতরাং, ইতোমধ্যে যারা অনলাইনে ৯ ডিজিটের নিবন্ধন (e-BIN) গ্রহণ করেছেন তাদের উক্ত নিবন্ধনগুলো কার্যকর রাখা এবং অনলাইন নিবন্ধন ব্যবস্থা চলমান রাখার ক্ষেত্রে নিম্নে-বর্ণিত পদ্ধতি অনুসরণযোগ্য :

ক) **কেন্দ্রীয় নিবন্ধনঃ**

**(অ) যে সকল প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় কেন্দ্রীয় নিবন্ধন (১১ ডিজিটের বিআইনএন) গ্রহণ করে ব্যবসায় পরিচালনা করছেন তারা অনলাইনেও কেন্দ্রীয়ভাবেই নিবন্ধিত হবেন এবং ৯ ডিজিটের বিআইএন গ্রহণ করে উক্ত আইনের অধীন প্রচলিত নিয়মেই কর পরিশোধসহ সকল কার্যক্রম পরিচালনা করবেন।**

**উদাহরণঃ ধরা যাক মেসার্স এবিসি লিমিটেড দেশব্যাপী বিভিন্ন কমিশনারেটের অধীন ৫০টি ইউনিটের মাধ্যমে ব্যবসায় পরিচালনা করেন। তারা উক্ত আইনের ধারা ১৫(২)-এর দ্বিতীয় শর্তাংশ অনুসারে কেন্দ্রীয়ভাবে নিবন্ধন গ্রহণ করেছেন। নতুন অবস্থায়ও তাঁরা কেন্দ্রীয়ভাবেই নিবন্ধিত হবেন এবং একটি বিআইএন এর মাধ্যমেই দেশব্যাপী কার্যক্রম পরিচালনা করবেন।**

**সংশোধিত বিধান** ঃ যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে ১১-ডিজিটের BIN গ্রহণ করেছে কিন্তু এখনো নতুন ৯-ডিজিটের BIN গ্রহণ করেনি, সে সকল প্রতিষ্ঠানের জন্য অনলাইনে পুনঃনিবন্ধনের অর্থাৎ নতুন ৯-ডিজিটের BIN গ্রহণের সময়সীমা ৩১-০৩-২০১৮ পর্যন্ত বর্ধিত করা হলো। অনলাইনে নতুন ৯-ডিজিটের BIN গ্রহণের অব্যবহিত পর হতেই পুরাতন ১১-ডিজিটের BIN এর কার্যকরিতা রহিত হবে। করদাতাগণ এরপর হতে নতুন BIN উল্লেখ করে চালানপত্র ইস্যুকরণ, মাসিক রিটার্ন দাখিলসহ যাবতীয় কার্যক্রম পরিচালনা করবেন এবং পুরাতন ১১-ডিজিটের BIN আমদানি-রপ্তানিসহ কোন প্রকার ব্যবসায়িক কার্যক্রমে ব্যবহার করবেন না।

(আ) যে সকল প্রতিষ্ঠান দুই বা ততোধিক স্থান হতে করযোগ্য পণ্যের উৎপাদন বা সেবা প্রদান বা ব্যবসায় পরিচালনা করছেন এবং আইনের আওতায় প্রতিটি স্থানের সংশ্লিষ্ট ইউনিটের জন্য আলাদা নিবন্ধন গ্রহণ করে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর ও সার্কেল অফিসে কার্যক্রম পরিচালনা করছেন তারা প্রতিটি ইউনিটের জন্য অনলাইনে ৯ ডিজিটের পৃথক পৃথক নিবন্ধন গ্রহণ করবেন। এসব ইউনিটের একটি টিআইএন থাকলেও প্রতিটি ইউনিটের জন্য ৯ ডিজিটের আলাদাভাবে একটি করে নিবন্ধন গ্রহণ করতে হবে। প্রতিটি ইউনিট সেই নিবন্ধন নম্বর ব্যবহার করে বর্তমানে যে সার্কেলে দাখিলপত্র পেশ করবেন সেই সার্কেলে যথারীতি দাখিলপত্র পেশ করবেন এবং আমদানি-রপ্তানিসহ অন্যান্য কার্যক্রমও ইউনিটের বিআইএন দিয়ে উক্ত আইনের অধীন পরিচালিত হবে।

উদাহরণ: ধরা যাক মেসার্স এবিসি লিমিটেড তার ৫০টি ইউনিটের জন্য ৫০টি বিআইএন (১১ ডিজিটের) গ্রহণ করে উক্ত আইনের অধীন ব্যবসায় পরিচালনা করছেন। তারা প্রতিটি ইউনিটের জন্য অনলাইনে একটি করে বিআইএন (৯ ডিজিট) গ্রহণ করবেন। প্রতিটি ইউনিট যে সার্কেল ও বিভাগীয় দপ্তরের অধীক্ষেত্রে বর্তমানে কাজ করছে নতুন নিবন্ধন (৯ ডিজিটের ই-বিআইএন) দিয়েও সেই সার্কেল ও বিভাগীয় দপ্তরেই কার্যক্রম পরিচালনা করা যাবে।

**সংশোধিত বিধানঃ** যে সকল **নতুন প্রতিষ্ঠান** কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হতে ইচ্ছুক কিন্তু শাখা ইউনিটসমূহ অভিন্ন কমিশনারেটের অধিক্ষেত্রে অবস্থিত নয় সে সকল প্রতিষ্ঠানকে পূর্বের ন্যায় প্রতিটি শাখা ইউনিটের জন্য আলাদা আলাদা নতুন ৯-ডিজিটের BIN গ্রহণ করতে হবে। তবে এ সকল শাখা ইউনিটের আলাদা e-TIN এবং ব্যাংক এ্যাকাউন্ট না থাকলে, বিদ্যমান ম্যানুয়াল পদ্ধতিতে পূর্বের ন্যায় ১১-ডিজিট BIN গ্রহণ করতে হবে। এছাড়া, এ ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কেন্দ্রীয় নিবন্ধন সংক্রান্ত বিধিমালা (প্রজ্ঞাপন নং ১৮৬-আইন/২০১২/৬৪৪-মূসক, তারিখ ০৭-০৬-২০১২) এর শর্তসমূহ প্রতিপালন করেও কেন্দ্রীয় নিবন্ধন নেয়ার সুযোগ থাকবে।

**(ই) যে সকল প্রতিষ্ঠান একাধিক ইউনিটের জন্য আলাদা নিবন্ধন (১১ ডিজিট) গ্রহণ করে ব্যবসায় পরিচালনা করছে এবং ১৫ মার্চ, ২০১৭ তারিখের পর কেন্দ্রীয়ভাবে সদর দপ্তরের ঠিকানায় একটি নিবন্ধন (৯ ডিজিটের) গ্রহণ করছে তাদেরকে নতুন করে প্রতিটি ইউনিটের জন্য আলাদা ভাবে উপ-অনুচ্ছেদ (আ) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে পুনঃনিবন্ধন (৯ ডিজিটের) গ্রহণ করে বর্ণিত পদ্ধতিতে কার্যক্রম পরিচালনা করতে হবে। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ বিদ্যমান থাকা পর্যন্ত ৯ ডিজিটের কেন্দ্রীয় নিবন্ধটি অকার্যকর থাকবে। তা দিয়ে কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না এবং কোনো দাখিলপত্রও পেশ করতে হবে না।**

**সংশোধিত বিধানঃ** **যে সকল প্রতিষ্ঠানের শাখাসমূহ আলাদা ১১-ডিজিটের BIN নিয়ে ব্যবসা পরিচালনা করছে এবং কেন্দ্রীয়ভাবে নিবন্ধনের লক্ষ্যে একটি নতুন ৯-ডিজিটের BIN গ্রহণ করেছে কিন্তু শাখা ইউনিটসমূহের আলাদা e-TIN এবং ব্যাংক এ্যাকাউন্ট না থাকার কারণে শাখার জন্য আলাদাভাবে নতুন ৯-ডিজিট BIN গ্রহণ করতে সমর্থ**

হয়নি, সে সকল প্রতিষ্ঠান ৩১-০৩-২০১৮ তারিখ পর্যন্ত পূর্বের ন্যায় ১১-ডিজিট BIN ব্যবহার করবে। এ সময়কালে নতুন গৃহীত ৯-ডিজিটের BIN অকার্যকর থাকবে এবং সেটি ব্যবহার করে আমদানি-রপ্তানিসহ কোন প্রকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা যাবে না।

(ঈ) যে সকল প্রতিষ্ঠান বিভিন্ন ইউনিটের আলাদা নিবন্ধন (১১ ডিজিট) নিয়ে কার্যক্রম পরিচালনা করছে কিন্তু বর্তমানে তারা আইনের ধারা ১৫(২) এর দ্বিতীয় শর্তাংশ অনুযায়ী কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হতে চান তাদেরকে উক্ত আইনের অধীন বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে ৯ ডিজিটের কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করতে হবে।

খ) **ইউনিট নিবন্ধন** :

অনলাইন নিবন্ধনের আলোকে ৯ ডিজিটের ইউনিট রেজিস্ট্রেশনগুলো তাদের ভৌগলিক অবস্থান অনুযায়ী স্ব স্ব কমিশনারেটে যথারীতি দাখিলপত্র প্রদান করবে।

গ) যে সকল করদাতা এখনো অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেননি তারা আগামী ৩১ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে ৯ ডিজিটের নিবন্ধন গ্রহণ করবেন। সুতরাং উক্ত সময় পর্যন্ত অর্থাৎ ৩১ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১১ ডিজিটের নিবন্ধনের কার্যকারিতা যথারীতি বহাল থাকবে। তবে যে সকল প্রতিষ্ঠান ৯ ডিজিটের বিআইএন গ্রহণ করেছেন তারা ৯ ডিজিটের বিআইএন-ই ব্যবহার করবেন।

**সংশোধিত বিধানঃ** সরকারী প্রতিষ্ঠান, এনজিও, দূতাবাস, আন্তর্জাতিক সংস্থা, বিশ্ববিদ্যালয়সহ যে সকল অবাণিজ্যিক শ্রেণীর প্রতিষ্ঠানের e-TINএবং/অথবাNID নেই, সে সকল প্রতিষ্ঠান এবং কেন্দ্রীয়ভাবে নিবন্ধনে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিশেষ ক্ষেত্র (শাখা সমূহের আলাদাভাবে ই-টিন ও ব্যাংক এ্যাকাউন্ট না থাকলে) ব্যতীত অন্য সকল প্রতিষ্ঠানের জন্য আগামী ০১-০১-২০১৮ তারিখের পর হতে আর নতুন করে ১১ ডিজিটের ম্যানুয়াল BIN ইস্যু করা হবে না। তবে, ঐ সকল ক্ষেত্রে Force বা বাধ্যতামূলক ৯ ডিজিটে নিবন্ধন দেয়া যাবে।

ঘ) জাতীয় রাজস্ব বোর্ড শীঘ্রই মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর সাথে সঙ্গতি রেখে মূসক- ৬, ৮, ৯ ও ১০ ইত্যাদিসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য বিষয়াদি সংশোধনপূর্বক অনলাইন ব্যবস্থাকে যুগোপযোগী করবে।

০৩। অনলাইনে ৯ ডিজিটের ভ্যাট নিবন্ধন গ্রহণ কোনভাবেই নতুন ভ্যাট আইন (মূল্য সংযোজন কর আইন ও সম্পূরক শুল্ক আইন, ২০১২) এর সাথে সম্পর্কযুক্ত নয়। এটি বিদ্যমান ১৯৯১ সনের ভ্যাট আইনের আওতায় করদাতাগণকে উন্নত সেবা প্রদানের গতিকে ত্বরান্বিত করাসহ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা নির্ধারণ, রির্টান সংখ্যা বৃদ্ধির সংগে সংশ্লিষ্ট, যা হয়রানিমুক্ত, করদাতা-বান্ধব এবং আধুনিক কর প্রশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

**জাতীয় রাজস্ব বোর্ড**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

## গণবিজ্ঞপ্তি

তারিখ: ১৩ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
২৭ মার্চ, ২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ অনলাইনে ভ্যাট নিবন্ধন নম্বর বা ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।**

বিগত ২৮ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় ৯ বা ১১ ডিজিটের ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা ব্যবহার সংক্রান্ত একটি গণ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উক্ত গণ বিজ্ঞপ্তিটিতে যে সকল ক্ষেত্রে সময়সীমা ৩১.০৩.২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিলো, সে সকল ক্ষেত্রে সময়সীমা ৩০.০৬.২০১৮ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। বিগত ২৮ ডিসেম্বর,২০১৭ খ্রিঃ তারিখে প্রকাশিত সংশোধিত গণবিজ্ঞপ্তির অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

২৭/৩/১৮

জাতীয় রাজস্ব বোর্ড